- হযরত মুআত্তা ইবনে মালেক রাহিমাহুল্লাহ বর্ণনা করেন, হযরত আমর বিন জামূহ ও হযরত আব্দুল্লাহ বিন আমর রদিয়াল্লাহু আনহুমা এর কবর বন্যার তোড়ে ভেঙ্গে গিয়েছিল। উনারা দুজন ছিলেন উহুদের যুদ্ধে শাহাদাত বরণকারী আনসারী সাহাবী। দু'জনকে একই কবরে দাফন করা হয়েছিল। কবরটি ভেঙ্গে যাওয়ায় অন্যত্র তাদেরকে দাফন করার জন্য কবরটি ভালোভাবে খনন করতে গিয়ে দেখা গেল, তাঁদের দেহে লেশমাত্র পরিবর্তন আসেনি। মনে হলো যেন গতকালই শহীদ হয়েছেন মাত্র। ইহা উহুদ যুদ্ধের ৪৬ বৎসর পরের ঘটনা।
- হযরত মুআবিয়া রদিয়াল্লাহু আনহু তার শাসনামলে মদীনা তায়্যিবায় খাল খনন করতে শুরু করেছিলেন। ঘটনাক্রমে উহুদের কবরস্থান এই কর্মসূচির আওতায় পড়ে যায়। হযরত মুআবিয়া রদিয়াল্লহু আনহু নিজ নিজ আত্মীয়-স্বজনের লাশ সেখান থেকে সরিয়ে অন্যত্র নিয়ে যাওয়ার নির্দেশ দিলেন। এতদুদ্দেশ্যে কবরসমূহ খনন করে লাশসমূহ উত্তোলন করে দেখা গেল সব কটি লাশই পূর্ববত সজীব ও সম্পূর্ণ অক্ষত রয়েছে, লাশগুলি বিন্দুমাত্র পরিবর্তন হয়নি। শুধু তাই নয়, বরং খনন করার সময় হযরত হামযা রদিয়াল্লহু আনহু এর পদ মুবারকে কোদালের আঘাত লাগার সাথে সাথে রক্ত প্রবাহিত হতে শুরু করে। এই ঘটনাটি উহুদ যুদ্ধের পঞ্চাশ বছর পরের।

শুহাদায়ে উহুদ ছাড়াও আকাবিরে উম্মত সম্পর্কে সীরাত ও ইতিহাসের বিভিন্ন কিতাবে প্রমাণ পাওয়া যায় যে, দাফন করার দীর্ঘ কয়েক বছর পরও তাদের দেহে কোনো পরিবর্তন আসেনি।

- বর্তমান যামানায়ও আফগানিস্তান, ইরাক ও সিরিয়ার যুদ্ধে এমন বহু নিদর্শন পাওয়া যায়, সেখানে শহীদানের লাশ পঁচে না এবং লাশ হতে অপার্থিব খুশবু বের হয়। শাহাদাতের সময় শহীদকে জান্নাতে তার স্থান দেখানো হয়। ফলে সে আনন্দে আত্মহারা হয়ে উঠে এবং হাসতে থাকে। আলহামদুলিল্লাহ! হযরত ড. আব্দুল্লাহ আয্যাম রচিত "আয়াতুর রহমান ফী জিহাদিল আফগান" (আফগানিস্তানে আমার দেখা আল্লাহর নিদর্শন) কিতাবটিতে এরকম বহু নিদর্শন বর্ণিত হয়েছে।

নবীজী ﷺ-এর শহীদী তামান্না

- রাসূলুল্লাহ ﷺ ইরশাদ ফরমান, "সে সত্তার শপথ যাঁর হাতে মুহাম্মাদের জান! অবশ্যই আমি আশা করি: আমি আল্লাহর রাস্তায় জিহাদে যাব এবং এতে শহীদ হয়ে যাব, এরপর আবার জিহাদে যাব এবং আবার শহীদ হবো, এরপর আবার জিহাদে যাব এবং আবার শহীদ হয়ে যাবো।"

(বুখারী-৩১২৩ এবং মুসলিম-১৮৭৬)

সাহাবায়ে কেরামে শহীদী তামান্না

- তাবুক যুদ্ধে যোগদান করার জন্য আনসার ও অন্যান্যদের মধ্য থেকে সাতজন মুসলমান রাসূলুল্লাহ ﷺ-এর নিকট এসে সওয়ারী জানোয়ার চাইলেন। তাঁরা ছিলেন অত্যন্ত দরিদ্র। নবীজী তাঁদেরকে সওয়ারী বাহন দিতে অক্ষমতা প্রকাশ করলেন। ফলে তাঁরা জিহাদে যেতে না পেরে কাঁদতে কাঁদতে ফিরে যান। ইতিহাসে এরা 'বাকাউন' অর্থাৎ ক্রন্দনকারী নামে পরিচিত। এঁরা হলেন: হযরত সালেম ইবনে উমায়ের, হযরত উলবা ইবনে যায়িদ, হযরত আবু লায়লা আব্দুর রহমান, হযরত আমর ইবনে হুমাম, হযরত আব্দুল্লাহ ইবনে মাগাফ্ফাল মুযানী রদিয়াল্লহু আনহুম আযমাঈন। এঁদের মধ্যে দু'জন হযরত আবু লায়লা আব্দুর রহমান ও হযরত আব্দুল্লাহ বিন মুগাফ্ফালকে রদিয়াল্লহু আনহুমাকে কাঁদতে দেখে হযরত ইবনে ইয়ামীন ইবনে উমায়ের রদিয়াল্লহু আনহু জিজ্ঞেস করেন, "তোমরা কাঁদছ কেন?" তাঁরা বললেন, "আমরা রাসূলুল্লাহ ﷺ-এর কাছে গিয়েছিলাম তাবুক অভিযানে যাওয়ার জন্য সওয়ারী চাইতে। কিন্তু তিনি দিতে পারেননি। আমাদের কাছেও এমন কিছু নেই যা দ্বারা তাঁর সাথে অভিযানে যেতে পারি।" তখন ইবনে ইয়ামীন তাদেরকে একটি উট এবং কিছু খোরমা দিলেন। তাঁরা ঐ সওয়ারীতে চড়ে রাসূলুল্লাহ ﷺ-এর সাথে অভিযানে চলে গেলেন।
- বদরের ময়দানে রাসূলুল্লাহ ﷺ বললেন, "এবার প্রস্তুত হয়ে যাও জান্নাতে যাওয়ার জন্য, যে জান্নাতের বিস্তৃতি আকাশ ও পৃথিবীর সমান।" হযরত উমাইর ইবনুল হুমাম আনসারী রদিয়াল্লহু আনহু নবীজীর কথাটি শুনলেন। তিনি খেজুর খাচ্ছিলেন। এরপর বলতে

থাকেন: "যদি আমি এই খেজুরগুলো খেয়ে শেষ করা পর্যন্ত জীবিত থাকতে চাই তাহলে তো (জান্নাতে যেতে) অনেক দেরী হয়ে যাবে।" তাঁর কাছে যা খেজুর ছিল সব দূরে ছুড়ে ফেলে দিয়ে কাফিরদের সাথে লড়াইয়ে লিপ্ত হয়ে শহীদ হয়ে গেলেন।" (মুসলিম-১৯০১, আবু দাউদ-২৬১৮)

- বিশ্বাসঘাতক, মিথ্যাবাদী কাফেররা যখন হযরত হারাম রদিয়াল্লহু আনহুকে বর্শা বিদ্ধ করল এবং বর্শাটি তাঁকে এফোঁড় ওফোঁড় করল, তখন তিনি বলতে লাগলেন, "(ফুয্তু ওয়া রব্বিল কা'বাহ্) কা'বার রবের শপথ! আমি সফলকাম হয়ে গেছি।" (বুখারী, মুসলিম, নাসায়ী, আবু দাউদ, ইবনে মাজাহ)
- হযরত আনাস ইবনে নদর রদিয়াল্লহু আনহু বদরের লড়াইয়ে শরীক হতে পারেন নি। তাই তিনি নিবেদন করেন, ইয়া রাসূলুল্লাহ! আপনি মুশরিকদের সাথে যে প্রথম লড়াই করেছেন তাতে আমি শরীক হতে পারিনি। আগামীতে মুশরিকদের সাথে যে লড়াই হবে তাতে যদি আমি শরীক হতে পারি, তাহলে আল্লাহ পাক দেখে নিবেন আমি কি করি। এরপর যখন ওহুদের যুদ্ধ সংগঠিত হলো এবং মুসলমানরা বাহ্যত পরাজিত হলো তখন তিনি বলতে থাকেন, "হে আল্লাহ! এরা (মুশরিকরা) যা কিছু করেছে তা থেকে নিজেকে দায়মুক্ত ঘোষণা করছি। একথা বলে তিনি সামনে সা'দ ইবনে মুআয রদিয়াল্লহু আনহুর কাছে চলে আসেন। তখন বলতে থাকেন: "হে সা'দ ইবনে মুআয! নদরের রবের শপথ! উহুদের পাহাড়ের কাছ থেকে আমি জান্নাতের খুশবু পাচ্ছি।" এরপর তিনি দুশমনের উপর ঝাঁপিয়ে পড়েন। হযরত আনাস রদিয়াল্লহু আনহু বলেন,"আমরা তাঁর (হযরত আনাস ইবনে নদর রদিয়াল্লহু আনহুর) গায়ে আশিটিরও অধিক তলোয়ার, বর্শা ও তীরের

আঘাত দেখতে পাই এবং আমরা তাঁকে এমন অবস্থায় পেয়েছিলাম তখন তিনি শহীদ হয়ে গিয়েছেন এবং মুশরিকরা তাঁর চেহারা মুবারক বিকৃত করে দিয়েছিল। ফলে তাঁর বোন ব্যতীত কেউ তাঁকে চিনতে পারেননি এবং তিনিও তাঁকে চিনেছিলেন তাঁর আঙুলের অগ্রপ্রান্তগুলো দেখে। হযরত আনাস রাদিয়াল্লহু বলেন, আমরা মনে করি এবং আমাদের মত হচ্ছে এটাই যে নিম্নোক্ত আয়াতটি তাঁর এবং তাঁর মত লোকদের ব্যাপারেই অবতীর্ণ হয়েছে: "মুমিনদের মাঝে এমন কিছু লোক রয়েছে, যারা আল্লাহর সাথে তাদের কৃত ওয়াদাকে সত্য প্রমাণ করেছে। আবার তাদের মধ্যে এমন কয়েকজন আছে যারা তাদের লক্ষ্যে পৌঁছেছে।" আয়াতের শেষ পর্যন্ত। (বুখারী-২৭০৩,২৮০৬, মুসলিম-১৯০৩, নাসায়ী-৪৭৫৫)

- ওহুদের যুদ্ধে সকল ছাহাবায়ে কেরাম শাহাদাতের এমন তামান্না, এমন অসাধারণ বীরত্ব ও আত্মত্যাগের পরিচয় দিয়েছিলেন, যার দৃষ্টান্ত ইতিহাসে আর কখনোও কোথাও পাওয়া যায় না।

হযরত আবু তালহা রদিয়াল্লহু আনহু রাসূলুল্লাহ ﷺ-এর সামনে বুক টান করে দাঁড়িয়ে ছিলেন। সাধারণ মুসলমানরা পরাজিত হয়ে প্রিয় নবী ﷺ-এর কাছে না এসে এদিক সেদিক ছুটাছুটি করছিলেন। তাঁর কাছে কেউ ছিল না, কেবল হযরত আবু তালহা রদিয়াল্লহু আনহু নিজের শরীরকে ঢাল বানিয়ে নবীজী ﷺ-এর সম্মুখে প্রতিরোধ ব্যুহ হয়ে দাঁড়ালেন। এভাবে নবীজী ﷺ-এর দিকে কোনো তীর আসলে তিনি তাঁর বুক দিয়ে তা ফিরাতে লাগলেন। একসময় তিনি ঢলে পড়লেন, ইতোমধ্যেই হযরত আবু বকর রদিয়াল্লহু আনহু ও অন্য কয়েকজন সাহাবী চলে আসলেন। নবীজী ﷺ বললেন, তোমাদের ভাই আবু

তালহাকে সামলাও। সে তার জন্য জান্নাত ওয়াজিব করে নিয়েছে। তিনি শহীদ হলে দেখা গেল, তাঁর শরীরে আশিটিরও অধিক আঘাত ছিল।

একই ভাবে হযরত আবু দোজানা রদিয়াল্লহু আনহুও নবী করীম ﷺ-এর দিকে মুখ করে দাঁড়ালেন এবং নিজের পিঠকে ঢাল স্বরূপ পেতে দিলেন। তাঁর পিঠে এসে শত্রুদের নিক্ষিপ্ত তীর বিঁধছিল, তিনি একটুও নড়ছিলেন না।

হযরত মুসআব ইবনে উমায়ের রদিয়াল্লহু আনহু অসাধারণ বীরত্ব ও সাহসিকতার পরিচয় দেন। তিনি রাসূলুল্লাহ ﷺ এর প্রতি ইবনে কোম্মা ও অন্যদের আঘাত প্রতিরোধ করছিলেন। তাঁর হাতেই ছিলো ইসলামের পতাকা। শত্রু সৈন্যরা তাঁর ডান হাতে এমন আঘাত করে যে, তাঁর হাত কেটে যায়। তিনি তখন তাঁর বাম হাতে ইসলামের পতাকা তুলে ধরেন। কিন্তু শত্রুদের হামলায় তার বাম হাতও কেটে যায়। তিনি তখন ইসলামের পতাকা তাঁর দুই বাহু দিয়ে বুকের সাথে জড়িয়ে উর্ধ্বে তুলে ধরেন। এরপর এই অবস্থায় দুশমনের আঘাতে তিনি শহীদ হয়ে যান।

- মুতার যুদ্ধ ইসলামের ইতিহাসে এক ভয়াবহ অসম যুদ্ধ। এই যুদ্ধে রাসূলুল্লাহ ﷺ তিনজন সেনাপতি নির্বাচন করে দিয়েছিলেন এই শর্তে যে, একজন শহীদ হলে আরেকজন পতাকা তুলে নিবেন। মুতার যুদ্ধে মাত্র তিন হাজার মুসলিম সৈন্য দুই লক্ষাধিক রোমান-আরব সম্মিলিত বাহিনীর বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হয়। মুসলমানরা এই বিশাল সংখ্যক বাহিনীর বিরুদ্ধে যুদ্ধের ব্যাপারে প্রস্তুত ছিলেন না। আসলে তারা

কল্পনাও করেননি, কাফেরদের বাহিনী এত বিশাল হবে। তাই সিদ্ধান্ত হলো, রাসূলুল্লাহ ﷺ এর কাছে পত্র পাঠিয়ে শত্রুর লোক লস্করের সংখ্যা জানাবেন। তিনি হয় আরো সৈন্য পাঠাবেন, নচেত যা ভালো মনে করেন নির্দেশ দিবেন। হযরত আব্দুল্লাহ ইবনে রাওয়াহা রাদিয়াল্লহু আনহু দাঁড়িয়ে গেলেন এবং মুসলমানদের উৎসাহিত করে বললেন,

"হে মুসলমানগণ! আজ তোমরা যা অপছন্দ করছ সেটাই তোমরা কামনা করছিলে। আর তা হলো শাহাদাত। আমরা সংখ্যা-শক্তি বা সংখ্যাধিক্যের জোরে লড়াই করি না। যে জীবনব্যবস্থার দ্বারা আল্লাহ আমাদেরকে সম্মানিত করেছেন তার জন্য আমরা লড়াই করি। অতএব এগিয়ে যাও, বিজয় বা শাহাদাত এ দুটো উত্তম জিনিসের যে কোন একটা অবশ্যই আমাদের জন্য নির্ধারিত আছে।"

(সীরাতে ইবনে হিশাম, পৃ:২৬২)

- মুতার যুদ্ধের প্রধান ও প্রথম সেনাপতি হযরত যায়িদ রদিয়াল্লহু আনহু রাসূলুল্লাহ ﷺ এর পতাকা বহনরত অবস্থায় প্রাণপণ যুদ্ধ করে শাহাদাত বরণ করেন। অতঃপর দ্বিতীয় সেনাপতি হযরত যাফর রদিয়াল্লহু আনহু পতাকা তুলে নেন। তিনি প্রথমে ডান হাতে পতাকা তুলে ধরেন। শত্রুর তরবারিতে ডান হাত কাটা গেলে বাম হাতে পতাকা তুলে ধরেন। এরপর সে হাতও কাটা পড়ল। তখন তিনি তা দুই ডানা দিয়ে চেপে ধরলেন। এরপর শত্রুর আঘাতে তিনি শাহাদাত বরণ করলেন। আল্লাহ তাঁর উপর সন্তুষ্ট হোন। এসময় তাঁর বয়স ছিল তেত্রিশ বছর। আল্লাহ তাআলা জান্নাতে তাকে দুই খানা ডানা দেন, যা দিয়ে তিনি যেখানে খুশী উড়ে বেড়াতে থাকেন। কথিত আছে, একজন রোমক সৈন্য তাঁকে তরবারীর আঘাতে দ্বিখন্ডিত করে ফেলেছিল। (সীরাতে ইবনে হিশাম, পৃ: ২৬৩)

হযরত জাফর রদিয়াল্লহু আনহু শহীদ হওয়ার পর দেখা যায়, তাঁর দেহে তীর ও তলোয়ারের **পঞ্চাশটি** (আরেক বর্ণনা অনুযায়ী **নব্বইটি**) আঘাত ছিল। এসব আঘাতের একটিও পিছনের দিকে ছিল না। (ফতহুল বারী, ৭ম খন্ড, পৃ: ৫১২)

হযরত খালিদ বিন ওয়ালিদ রদিয়াল্লহু আনহুর শাহাদাতের আকাঙ্ক্ষা

৬৪২ ঈসায়ী মোতাবেক ২১ শে হিজরীতে হযরত খালিদ বিন ওয়ালিদ রদিয়াল্লহু আনহু-কে এমন সব রোগ ঘিরে ধরে, যা তাঁকে ভেতর থেকে অতি দ্রুত কুরে কুরে খেয়ে নিঃশেষ করে চলছিল। এটা ছিল আঘাত-প্রতিঘাতের প্রভাব। এক সময়ে তাঁর শরীরে পচন শুরু হয়। এই অবস্থায় একদিন তাঁর এক শুভাকাঙ্ক্ষী তাঁকে দেখতে আসেন এবং তাদের মাঝে আলোচনা হয়।

"মনোযোগ দিয়ে দেখ" হযরত খালিদ বিন ওয়ালিদ রদিয়াল্লহু আনহু এক পা থেকে কাপড় সরিয়ে বন্ধুকে দেখান এবং জিজ্ঞাসা করেন, "আমার পায়ের এমন কোনো স্থান তুমি দেখছ যেখানে তীর, তলোয়ার বা বর্শার ক্ষত নাই।"

বন্ধু এমন কোনো স্থান দেখেননি যেখানে ক্ষতস্থান ছিল না। হযরত খালিদ বিন ওয়ালিদ রদিয়াল্লহু আনহু অপর পা আবরণমুক্ত করে বন্ধুকে দেখান এবং পূর্বের মতো আবারো জিজ্ঞাসা করেন। এরপর বুক ও পিঠ দেখান। তাঁর শরীরের এক বিঘত জায়গাও এমন ছিল না, যেখানে জখমের চিহ্ন ছিল না। তাঁর বন্ধু অবাক বিস্ময়ে তাঁর শরীরের সবখানের এই অবস্থা স্বচক্ষে প্রত্যক্ষ করেন।

"তুমি কি জান আমি কত যুদ্ধে অংশগ্রহণ করেছি?" হযরত খালিদ বিন ওয়ালিদ রদিয়াল্লহু আনহু অত্যন্ত ক্ষীণ স্বরে বললেন, "এরপরও আমি শহীদ হলাম না কেন? লড়াই করতে করতে আমার মৃত্যু হলো না কেন? আহ্! আমি এক বৃদ্ধ উটের মতো মরছি। শয্যায় মারা যাওয়া আমার জন্য লজ্জাজনক। আল্লাহ তাআলা ভীরু কাপুরুষদের চোখে ঘুম না দেন!"

"আপনি যুদ্ধের ময়দানে নিহত পারেন না, আবু সুলাইমান।"

বন্ধুবর তাকে আশ্বস্ত করে জানায়, "আপনাকে রাসূলুল্লাহ 'সাইফুল্লাহ' তথা 'আল্লাহর তরবারি' আখ্যা দিয়েছেন। এটা নবীজীর ভবিষ্যদ্বাণী ছিল যে, আপনি যুদ্ধের ময়দানে মারা যাবেন না। যদি আপনি রণক্ষেত্রে মারা যেতেন, তাহলে সবাই বলতো যে, 'এক কাফের আল্লাহর তরবারি ভেঙ্গে ফেলেছে।' অথচ এমনটি হতে পারে না।...আপনি ইসলামের 'নাঙ্গা তলোয়ার' ছিলেন।"

এরপর হযরত খালিদ বিন ওয়ালিদ রদিয়াল্লহু আনহু ইন্তেকাল করেছেন। এই খবর দ্রুত সবস্থানে ছড়িয়ে পড়ল। মদীনায় তাঁর ইন্তেকালের খবর পৌঁছলে মদীনার মহিলারা কাঁদতে কাঁদতে ঘর থেকে বেরিয়ে রাস্তায় নেমে আসে। পুরো মদীনা শোকস্থলে পরিণত হয়। মহিলারা শোকে বুক চাপড়াচ্ছিল এবং মাতম করতে লাগল। আমীরুল মু'মিনীন খলীফা হয়েই রাষ্ট্রীয় নিষেধাজ্ঞা জারি করেছিলেন, কারো মৃত্যুতে কেউ মর্সিয়া ক্রন্দন করতে পারবে না। তাঁর নির্দেশ কঠিনভাবে পালিত হচ্ছিল। কিন্তু হযরত খালিদ বিন ওয়ালিদ রদিয়াল্লহু আনহুর মৃত্যুর পর হযরত উমর রদিয়াল্লহু আনহু নিজের বাড়ি থেকে মহিলাদের কান্নাধ্বনি ও শোকগাঁথা শুনেন। এতে তিনি চরম ক্ষুব্ধ হন। দেয়ালে ঝুলানো লাঠি হাতে

নিয়ে দ্রুত বাইরে আসেন। কিন্তু দরজা পর্যন্ত এসেই তিনি থেমে যান। কিছুক্ষণ চিন্তা করে ফিরে আসেন।

"আজ মদীনার মহিলাদের কান্নার অনুমতি আছে।" হযরত উমর রদিয়াল্লহু আনহু ঘোষণা দেন, "তাদেরকে আবু সুলাইমানের মৃত্যুতে মাতম করতে দাও। তাদের কান্না লোক দেখানোর জন্য নয়। ক্রন্দনকারীরা আবু সুলাইমানের মত ব্যক্তিত্বের জন্য কাঁদতেই পারে। আর কোনো মা আবু সুলাইমানের মতো সন্তান জন্ম দিবে না।"

হিমসে একটি সুন্দর বাগিচা আছে। সেখানে আছে ফুল-ফল সমৃদ্ধ পুষ্পবীথি। মধ্যখানে আছে একটি মসৃণ রাস্তা। ঐ বাগিচায় একটি মসজিদ আছে। মসজিদটি হযরত খালিদ বিন ওয়ালিদ রদিয়াল্লহু আনহুর নামে সুপ্রসিদ্ধ। অত্যন্ত আকর্ষণীয় মসজিদ। এই মসজিদের এক কোণায় হযরত খালিদ বিন ওয়ালিদ রদিয়াল্লহু আনহুর কবর অবস্থিত। হযরত খালিদ বিন ওয়ালিদ রদিয়াল্লহু আনহুর বীরত্ব গাঁথা যারা জানতে চান, তারা আজও যেন ঐ মসজিদ হতে এই হুংকার শুনতে পান-

انا فارس الضديد
انا خالد بن الوليد

"আমি পারস্যের যমদূত,
আমি খালিদ বিন ওলীদ।"

কী রহস্য ছিল, সাহাবায়ে কেরামের এই বীরত্বের?

কী রহস্য ছিল, সাহাবায়ে কেরামের এই বীরত্বের? কেন তারা মৃত্যুকে এভাবে ভালোবাসতে পেরেছিলেন? কেন তারা শাহাদাতের জন্য উতলা হয়ে থাকতেন? কেন তারা দুনিয়ার সব সুখ, চাওয়া পাওয়া, স্ত্রী, সন্তান-সন্ততি ইত্যাদি বিসর্জন দিতে পেরেছিলেন দ্বীন ইসলামের জন্য?

এসব প্রশ্নের উত্তর পাওয়া যায় নিম্নের দুটি উদাহরণ হতে-

- শাহাদাত বরণের প্রাক্কালে হযরত জাফর ইবনে আবী তালিব রদিয়াল্লহু এই কবিতা আবৃত্তি করলেন:

  "আহ্! কী চমৎকার জান্নাত এবং তার সান্নিধ্য লাভ!
  জান্নাত যেমন অতি উত্তম ও পবিত্র, তার পানীয়ও তেমনি।
  রোমকদের আযাব ঘনিয়ে এসেছে, তারা কাফির এবং
  আমার তুলনায় অনেক নিকৃষ্ট, যদিও তাদের হাতে আঘাত খেয়েছি।"

- মুতার যুদ্ধে হযরত জাফর রদিয়াল্লহু আনহুর পর পতাকা তুলে নেন হযরত আব্দুল্লাহ ইবনে রাওয়াহা এবং ঘোড়ায় সওয়ার হয়ে সামনে অগ্রসর হলেন। তিনি ঘোড়া হতে নেমে লড়াইতে অংশগ্রহণ করবেন কিনা ভাবতে ও কিছুটা ইতস্ততঃ করতে লাগলেন। অতঃপর স্বগতভাবে বললেন,

  "কসম খেয়ে বলছি, হে ইবনে রাওয়াহা, এই ময়দানে তোমাকে নামতেই হবে, হয় তোমাকে নামতেই হবে, নচেত তোমাকে অপছন্দ করতে হবে।

  সকল মানুষ যদি রণহুঙ্কার দিয়ে জমায়েত হয়ে থাকে এবং তাদের মধ্যে কান্নার রোলও পড়ে থাকে,

তোমাকে কেন জান্নাত সম্পর্কে নিস্পৃহ দেখছি?
সুখে শান্তিতে অনেকদিন তো কাটিয়েছো,
অথচ তুমি তো আসলে একটি পুরনো পাত্রে
এক ফোটা পানি ছাড়া আর কিছুই ছিলে না।
হে আমার আত্মা, আজ যদি নিহত না হও তাহলেও তোমাকে
একদিন মরতেই হবে।
এটা (রণাঙ্গন) মৃত্যুর ঘর যাতে তুমি প্রবেশ করেছো।
তুমি এ যাবৎ যা চেয়েছো পেয়েছো।
এখন যদি ঐ দু'জনের মতো (যায়িদ ও জাফর) কাজ কর
তাহলে সঠিক পথে চালিত হবে।"

এরপর তিনি তরবারী হাতে অগ্রসর হলেন এবং যুদ্ধ করতে করতে শহীদ হয়ে গেলেন।

(আল্লাহ তাআলা সকল সাহাবায়ে কেরামকে জান্নাতুল ফিরদাউসের সর্বোচ্চ মাকাম দান করুন এবং আমাদেরকেও তাঁদের অনুসারী বানান। আমীন।

এককথায়, যেই তিনটি বিষয় সাহাবায়ে কেরামকে এমন বীরত্ব প্রদর্শনে উদ্বুদ্ধ করত তা হলো-

১. পরিপূর্ণ দুনিয়াত্যাগী যিন্দেগী
২. আল্লাহ তাআলার সামনে দাঁড়ানো ও জবাবদিহিতার ভয়।
৩. শাহাদাতের ফাযায়েল এবং জান্নাতের নায-নেয়ামতের স্মরণ।

বীরত্বপূর্ণ ও ঈমানদীপ্ত কিছু উক্তি:

- "আল্লাহর শপথ! আমরা যুদ্ধ ও অস্ত্রের মধ্যেই লালিত পালিত। আমরা পুরুষানুক্রমে যোদ্ধা জাতি।"- হযরত বারা ইবনে মা'রূর রদিয়াল্লহু আনহু, আকাবার দ্বিতীয় বাইয়াতের সময়।
- বদরের যুদ্ধের পূর্বে এক পরামর্শ সভায় আনসারদের পক্ষে হযরত সা'দ ইবনে মুয়ায রদিয়াল্লহু আনহু ঈমানদীপ্ত এক ঐতিহাসিক ভাষণ প্রদান করেন-

  "ইয়া রাসূলুল্লাহ! আমরা আপনার প্রতি ঈমান এনেছি এবং আপনার দাওয়াতকে সত্য বলে স্বীকার করে নিয়েছি। আমরা সাক্ষ্য দিচ্ছি যে, আপনি যে বিধান নিয়ে এসেছেন তা পরম সত্য। আর এই প্রত্যয়ের ভিতরেই আমরা আপনার কাছে অঙ্গীকার ও প্রতিশ্রুতি দিয়েছি যে, আমরা আপনার নির্দেশ মানবো ও আনুগত্য করবো। হে আল্লাহর রাসূল! তাই আপনি যা ভালো মনে করেন, করুন। আমরা আপনার সাথেই আছি। সেই আল্লাহর শপথ যিনি আপনাকে মহাসত্য দিয়ে পাঠিয়েছেন, সামনের এই সমুদ্র পাড়ি দিয়ে আপনি যদি তার অথৈ পানিতে নামেন, আমরাও আপনার সাথে নামব (আপনি যদি আমাদেরকে সমুদ্রে ঝাঁপ দিতে বলেন, আমরা তাতেও রাজি আছি)। আমাদের একটি লোকও আপনাকে ছেড়ে পেছনে থাকবে না। আগামীকাল যদি আপনি আমাদের সাথে নিয়ে শত্রুর মুখোমুখি হতে চান, তাতেও আমাদের কোনো আপত্তি নেই। আমরা যুদ্ধে ধৈর্যশীল এবং শত্রুর মুকাবিলায় সংকল্পে অবিচল। আশা করি, আল্লাহ আপনাকে আমাদের এমন তৎপরতা দেখবার সুযোগ দিবেন, যাতে আপনার চোখ

জুড়িয়ে যাবে। আল্লাহর রহমতের উপর নির্ভর করে আমাদের সাথে নিয়ে আপনি এগিয়ে চলুন।”

- “আমার তো দুর্বলতা নেই, কেননা আমি শক্তিমান বর্শাধারী পুরুষ,
  আমার ধনুক রয়েছে এবং তাতে তীব্র ও তীক্ষ্ণ তীর রয়েছে।
  শক্ত ও মোটা বর্শার ফলক সে তীরে আঘাত খেয়ে ছিটকে যায়।
  আসলে মৃত্যুই সত্য, জীবন হলো বাতিল।
  আল্লাহ মানুষের জন্য যা নির্ধারিত করে রেখেছেন তা অনিবার্য,
  আর মানুষ তার অদৃষ্টের কাছে আত্মসমর্পণ করতে বাধ্য।”
  -হযরত আসিম ইবনে সাবিত রদিয়াল্লাহু আনহু।
- ইয়ামামার প্রান্তরে হযরত খালিদ বিন ওয়ালিদ রদিয়াল্লহু আনহু-
  “বীর মুজাহিদ সেনানীরা! ইসলামের সুমহান বাণী দূর-দূরান্তে পৌঁছে দিতে আল্লাহ পাক আমাদের নির্বাচন করেছেন। পরিবার-পরিজন এবং পার্থিব ধন-সম্পদ যাদের অতি প্রিয় তারা চলে গেছে। তাদের বিরুদ্ধে আমাদের কোনো ক্ষোভ কিংবা অভিযোগ নেই। তারা বিভিন্ন রণাঙ্গনে জান বাজি রেখে আমাদের সাথে যুদ্ধ করেছে। এক দীর্ঘ সময় ধরে তারা আমাদের সঙ্গ দিয়েছে। আল্লাহ তাদের যথাযথ পুরস্কৃত করুন।...... তোমরা আমার সঙ্গ ছাড়নি। এই ত্যাগের বিনিময় আমি নই; আল্লাহ তাআলা নিজেই তোমাদের দিবেন। আমরা বড়ই পরাক্রমশালী শত্রুর বিরুদ্ধে যুদ্ধ করতে চলেছি। আমাদের সংখ্যার স্বল্পতার দিকে তাকাবে না। বদরে তোমরা কতজন আর কুরাইশদের সংখ্যা কত ছিলো? উহুদেও মুসলমানরা কম ছিলো। আমি সে সময় শত্রু পক্ষের একজন ছিলাম। তোমাদের মাঝেও অনেক এমন আছে যারা ইসলাম গ্রহণের পূর্বে বদর প্রান্তরে মুসলমানদের বিরুদ্ধে লড়েছিলে। তখন আমরা বড়ই

আস্ফালন করে বলেছিলাম যে, আমরা এই মুষ্টিমেয় মুসলিম সৈন্যদেরকে ঘোড়ার পায়ের তলায় পিষে মারব। তোমাদের মনে নেই সেই দিন যারা সংখ্যায় বেশী ছিল তারাই এক সময় স্বল্প সংখ্যক বাহিনীর হাতে চরম মার খেয়ে পিছু হটে গিয়েছিল?..... কেন এমন হয়েছিলো?.....কারণ ছিল একটাই, আর তা হলো মুসলমানরা হকের উপর ছিলো; আর আল্লাহ তাআলা হক পন্থীদের সাথে থাকেন। আজ তোমরা হকের ঝাণ্ডাবাহী।"

- আমীরুল মু'মিনীন হযরত আবু বকর সিদ্দিক রদিয়াল্লহু আনহু ইয়ামামার যুদ্ধে অংশগ্রহণকারী সাহাবায়ে কেরাম রদিয়াল্লহু আনহুম আযমাঈমাইনদের উদ্দেশ্যে পত্র লিখেন-

  ".... যে কোনো পরিস্থিতিতে তোমরা খালিদকে ছেড়ে যাবেনা। শত্রু যতই শক্তিশালী হোক না কেনো। কাপুরুষতা প্রদর্শন করবে না। তোমরা তো তারাই, যারা ঘরে ফেরার ইখতিয়ার পেয়েও 'আল্লাহর তরবারি'- খালিদের সঙ্গ ছাড়নি। তোমরা সবকিছুর উপর ঐ রাস্তা অবলম্বন করেছ যাকে 'আল্লাহর রাস্তা' বলা হয়। কল্পনা কর ঐ বিরাট সওয়াবের কথা আল্লাহর রাহে জিহাদকারীরা যা প্রাপ্ত হয়। আল্লাহ তোমাদের সহায় ও সহায়ক হবেন। তোমাদের সৈন্য ঘাটতি তিনিই পূর্ণ করবেন। সকল অবস্থায় তাঁর সন্তুষ্টি ও সন্তোষ অর্জনে সচেষ্ট থাকবে।"

- ইরান (পারস্য) সাম্রাজ্যের এক গভর্নর ছিল হুরমুজ। সে বড়ই জঘন্য প্রকৃতির, মিথ্যাবাদী এবং ধোঁকাবাজ ছিল। অভদ্রতার ক্ষেত্রে তার নাম প্রবাদতুল্য ছিল। হযরত খালিদ রদিয়াল্লহু আনহু তার নামে নিম্নোক্ত ভাষায় চিঠি লিখেন-

"আপনি ইসলাম গ্রহণ করে নিলে নিরাপদে থাকবেন। এতে সম্মত না হলে আপনার শাসনাধীন এলাকা ইসলামী রাষ্ট্রের আওতাভুক্ত করে দিন। এর প্রশাসক আপনিই থাকবেন। ইসলামী খিলাফতের রাজধানী মদীনাতে নির্ধারিত কিছু কর প্রেরণ করবেন। এর বিনিময়ে আমরা আপনার জনগণ এবং এলাকার শান্তি স্থিতিশীলতা ও প্রতিরক্ষার দায়িত্ব কাঁধে তুলে নিব। এটাও মানতে অস্বীকৃতি জ্ঞাপন করলে তখন নিজের নিরাপত্তার দায়িত্ব আপনার নিজের কাঁধেই থাকবে। আল্লাহই ভালো জানেন আপনার পরিণতি কী হবে। জয়-পরাজয় আল্লাহর হাতে; কিন্তু আমি আপনাকে এই বিষয়ে সতর্ক করছি যে, আমরা ঐ জাতি যাদের কাছে মৃত্যু ততোধিক প্রিয় যেমন বেঁচে থাকা আপনাদের কাছে প্রিয়। মৃতুকে আমরা ততটাই পছন্দ করি যতটা আপনারা মদ ও নারীকে পছন্দ করেন।.....আমি আল্লাহর পয়গাম আপনার পর্যন্ত পৌঁছে দিলাম।"

- "আমাদেরকে ঐ সকল মুসলমানদের রক্তের প্রতিটি ফোটার প্রতিশোধ নিতে হবে, যারা ইরানীদের কামানের মুখে ছিলো এবং ইরানীরা যাদের উপর অত্যাচারের স্টীম রোলার চালিয়েছিল।..." - হযরত মুসান্না রদিয়াল্লহু স্বীয় ভাই হযরত মুআন্না রদিয়াল্লহু আনহুকে পারস্য যুদ্ধে।
- "আমরা বাতিলের এতসব প্রাচুর্য আর আমাদের অপ্রতুলতা দেখে ঘাবড়ে কখনোই ফিরে যাবো না। (জিহাদ ত্যাগ করবো না।) কিসরার শিশমহলে এক একটি ইট আমরা খুলে নিব। আমরা তাদের চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিব যে, তাদের মিথ্যা খোদার রাজত্ব বেশিদিন চলতে পারেনা। সত্যের নির্মম কশাঘাতে মিথ্যার পতন অনিবার্য।"- পারস্য সাম্রাজ্যের বিরুদ্ধে যুদ্ধে হযরত খালিদ রদিয়াল্লহুকে উদ্দেশ্য করে হযরত মুসান্না রদিয়াল্লহু আনহু।

- সাহাবায়ে কেরাম গোয়েন্দাগিরিতে ছিলেন যেমনি দুর্ধর্ষ, তেমনি দুঃসাহসী। তাঁরা মৃত্যুর কোনো পরোয়া করতেন না। শত্রুর পেটের মধ্যে ঢুকে তার নাড়ীর খবর বের করে আনতে তাঁদের জুড়ি ছিলো না। শত্রুর তৎপরতা মনিটরিং করতে শক্তিশালী গোয়েন্দা বাহিনী গঠন করে চতুর্দিকে গোয়েন্দাজাল বিছিয়ে রাখা হতো। গোয়েন্দারা ছিলো খিলাফতের চোখ, কান। নিজের ছাউনীতে বসেই খলীফা কিংবা সেনাপ্রধান এ চোখ, কানের মাধ্যমে শত্রুর অবস্থা এবং গতিবিধি সম্পর্কে যথা সময়ে অবহিত হতেন।
- “যুদ্ধই সৈন্যর পেশা। তারা বুঝে এখানে আসার মতলব কী? তারপরেও তাদের বুঝাও যে, আমরা এখান থেকে ফিরে যেতে আসিনি, থাকলে ময়দানে থাকবো নতুবা আল্লাহর কাছে চলে যাবো।”- হযরত খালিদ বিন ওয়ালিদ রদিয়াল্লহু আনহু।
- “সাহাবায়ে কেরামের দীলে কোনো শংকা ছিল না। মাথায় কোনো বদ মতলব কিংবা দুশ্চিন্তা ছিলো না। তাঁদের সামনে এক মহান উদ্দেশ্য ছিলো। তাঁদের কাছে আল্লাহ, আল্লাহর রাসূল ﷺ এবং দ্বীন ইসলামের সম্মান ও মর্যাদা সবচেয়ে বেশি ছিলো। বেঁচে থাকার প্রশ্নটি তাঁদের কাছে ততো গুরুত্বপূর্ণ ছিলো না। তাঁরা এই মনোভাব পোষণ করতেন যে, জীবন আল্লাহ প্রদত্ত, তাই তাকে আল্লাহর রাহে কুরবান করতে হবে। নিজের জীবনের বিনিময়ে হলেও তাঁরা ইসলাম রক্ষার দৃঢ় অঙ্গীকার করেছিলেন। আল্লাহর রাহে বের হবার পর থেকে তাঁরা বাড়ি-ঘর, স্ত্রী, মা-বাবা, ভাই-বোন এবং পুত্র-কন্যা হতে কেবল দূরেই সরে যেতেন। তাঁদের দিন-রাত রক্ত-মাটির মাঝেই কাটত। জমিন ছিল

তাঁদের বিছানা আর উপরে ছিল আসমান। বাতিলের প্রাসাদ গুড়িয়ে দেয়া, কুফরের বুক চিরা এবং ইসলামের শত্রুদের আশা আকাঙ্ক্ষা পদদলিত করাই ছিলো তাঁদের ইবাদত। তাঁদের মুখে সর্বদা জারি থাকত আল্লাহর নাম। আল্লাহর নাম নিয়েই তাঁরা তলোয়ার চালাতেন। প্রতিপক্ষের তলোয়ারের আঘাতে লুটিয়ে পড়ার সময়ও তাঁদের মুখে শুনা যেত আল্লাহর নাম। আহত হয়ে তাঁরা আল্লাহকে স্মরণ করতেন। নিঃসন্দেহে ঈমানের দৃঢ়তা এবং তাজা প্রেরণাই ছিলো তাঁদের অস্ত্র। আর এটাই ছিলো তাঁদের ঢাল।"- এনায়েতুল্লাহ আলতামাশ।

"ওহে আল্লাহর বান্দারা!
বিজয় অথবা শাহাদাত........
বিজয় অথবা শাহাদাত........
বিজয় অথবা শাহাদাত........!!!
আল্লাহর কাছে সাহায্য চাও!
আল্লাহর রাস্তায় জান দিয়ে দাও!
আল্লাহর মদদ আসবে ইনশাআল্লাহ!"
- হযরত শুরাহবীল রদিয়াল্লহু আনহু।

অতএব হে বন্ধু!

এমন কেউ কি আছে, যে নিজের জীবন কে ভালোবাসে, যে মরতে চায় না, অনন্ত জীবন আশা করে? সে যেন শাহাদাতের তামান্না রাখে।

এমন কেউ কি আছে, যে নিজের দেহকে ভালোবাসে, যেন তার দেহ কবরেও না পঁচে, পোকা-মাকড়ের আহার্যে পরিণত না হয়? তাহলে সে যেন শাহাদাতের পথে অগ্রসর হয়।

এমন কেউ কি আছে, যে চায় তার মৃত্যু কষ্ট না হোক? তাহলে সে যেন আল্লাহ তাআলার কাছে শাহাদাত প্রার্থনা করে।

এমন কেউ কি আছে, যে চায় তার কবরে হিসাব না হোক, কবরের আযাব না হোক? সে যেন শহীদী তামান্না নিয়ে ময়দানে ঝাপিয়ে পড়ে।

এমন কেউ কি আছে, যে কামনা করে রূহ দেহত্যাগ করার সাথে সাথেই হূরে ঈ'নের সাথে মিলিত হতে এবং জান্নাতে সবুজ পাখি হয়ে যথেচ্ছা ঘুরে বেড়াতে? তার জন্য শর্টকাট রাস্তা হলো শাহাদাত।

এমন কেউ কি আছে, যে চায় কিয়ামতের মহা বিভীষিকা হতে নিরাপদ থাকতে, হাশরের ময়দানে আরশের নিচে ছায়া পেতে? তার জন্যও রাস্তা একটিই 'শাহাদাত'।

এমন কেউ কি আছে, যে চায় বিনা হিসেবে জান্নাতুল ফিরদাউস লাভ করতে? ওহে বন্ধু! তার জন্য শাহাদাত ছাড়া আরো অন্য কোনো সহজ রাস্তা আছে কি?

হূরে ঈনের সাথে মিলন এবং জান্নাতুল ফিরদাউসে পৌঁছার শর্টকাট রাস্তার মানচিত্র।

হে আল্লাহ! তুমি এই নাদানকেও শাহাদাতের জন্য কবুল কর। আমীন।

“আল্লাহুম্মারযুকনা শাহাদাতান ফী সাবীলিক, ওয়াল মাওতি বিবিলাদি নাবীয়্যিকা সল্লাল্লহু আলাইহি ওয়া সাল্লাম”।
হে আল্লাহ! তোমার হাবীবের কদম মোবারকের পাশে আমাকে একটু ঠাঁই দাও। আমীন।

উম্মতের মা-বোনদেরকে

শহীদ জননীদের সন্তান কুরবানীর ঈমানদীপ্ত কাহিনীঃ

হযরত আসমা বিনতে আবু বকর রদিয়াল্লহু আনহার কুরবানীঃ

ইতিহাস হযরত আসমা বিনতে আবু বকর রদিয়াল্লহু আনহার সকল অবদান ও কৃতিত্বের কথা ভুলে যেতে পারলেও পুত্রের সর্বশেষ সাক্ষাতের সময় তাঁর ঈমানের দৃঢ়তা, অবিচল প্রত্যয় আর বিচক্ষণতার কথা কখনোই ভুলতে পারবে না।

ঘটনাটি ছিল এই- ইয়াযীদ ইবনে মুআবিয়ার মৃত্যুর পর হযরত আব্দুল্লাহ ইবনুয যুবাইর রদিয়াল্লহু আনহুকে খলীফা মেনে তাঁর পক্ষে যখন বাইয়াত নেওয়া হলো, হেজাজ, মিশর, ইরাক, খুরাসান ও সিরিয়ার প্রায় সকল অঞ্চল তাঁর পক্ষ নিল।

এদিকে বনু উমাইয়া অনতিবিলম্বে হাজ্জাজ বিন ইফসুফের নেতৃত্বে একদল দুর্ধর্ষ বাহিনী নিয়ে তাঁর বিরুদ্ধে দাঁড়াল.....

দুই দলের মাঝে সঙ্ঘটিত হলো ভয়াবহ যুদ্ধ, হযরত আব্দুল্লাহ ইবনুয যুবাইর রদিয়াল্লহু আনহু সে যুদ্ধে দুর্দান্ত, দুঃসাহসী যোদ্ধার আক্রমণ পরিচালনা করে চূড়ান্ত বীরত্বের প্রকাশ ঘটালেন।

তবে তাঁর সহযোদ্ধারা একটু একটু করে তাঁর থেকে বিচ্ছিন্ন হতে থাকল। অবশেষে তিনি বাইতুল্লাহ বা কাবা শরীফে আশ্রয় নিলেন, তিনি ও তাঁর সঙ্গীরা কাবার প্রতিরক্ষার সাহায্যে আত্মরক্ষা করলেন....

তাঁর চূড়ান্ত শাহাদাতের কয়েক ঘণ্টা পূর্বে তিনি সাক্ষাৎ করতে গেলেন মায়ের সঙ্গে, ততদিনে তিনি দৃষ্টি হারানো অতিবৃদ্ধা এক নারী, তিনি মাকে সালাম দিলেন-

আস্সালামু আলাইকুম ইয়া উম্মাহ ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু..... (মা, তোমার প্রতি.......)

- ওয়া আলাইকাস্ সালাম ইয়া আব্দাল্লাহ....(বেটা! তোমাকেও সালাম) বেটা, যে সময় হাজ্জাজের কামান তোমার বাহিনীর বিরুদ্ধে হারামের মধ্যে বিশাল বিশাল পাথর নিক্ষেপ করছে, যা মক্কা নগরীর বাড়ি-ঘরকে প্রকম্পিত করে তুলছে, এমন নাজুক পরিস্থিতিতে তুমি এখানে কেন?

- তোমার সঙ্গে পরামর্শের জন্য এসেছি মা।

- আমার সঙ্গে পরামর্শ! কী বিষয়ে?!

- মা! লোকে আমাকে নিরাশ করে দিয়েছে, তারা হাজ্জাজের ভয়ে অথবা তার প্রতি মোহে আমার নিকট থেকে দূরে সরে গিয়েছে।

এমনকি আমার নিজের পরিবারের ও আপন লোকেরাও আমাকে ফেলে দূরে সরে গেছে, এমন ছোট্ট একটি দলের সামান্য কয়েকজন মানুষ ছাড়া আমার সঙ্গে কেউ নেই। তাঁরা যত বড়ই কষ্ট সহিষ্ণু হোক না কেন, এক ঘণ্টার বেশি টিকতে পারবে না.....

বনু উমাইয়ার দূতেরা আমার নিকট বলাবলি করছে যে, আমি অস্ত্র ত্যাগ করে আব্দুল মালিক ইবনে মারওয়ানের হাতে বাইয়াত হলে তারা আমাকে পৃথিবীর যা চাইব তাই দেবে, এ ব্যাপারে তোমার কী মত মা?

তিনি চিৎকার করে বলে উঠলেন-

সিদ্ধান্ত তোমাকেই নিতে হবে হে আব্দুল্লাহ! তোমার মনের কথা তুমিই ভালো জানো।

যদি তোমার আস্থা থাকে যে, তুমি প্রতিষ্ঠিত আছো হকের উপর আর প্রয়াস চালাচ্ছ হক প্রতিষ্ঠার জন্য, তাহলে তুমি অবিচল থাকো, যেভাবে অবিচল ছিল তোমার সেই সঙ্গীরা, যাঁরা তোমার পতাকাতলে লড়াই করে শহীদ হয়েছে.....যদি দুনিয়ার কিছু অর্জনের আশা তুমি পোষণ করে থাকো তাহলে কত যে খারাপ মানুষ তুমি...... তুমি নিজের জীবনটাও বরবাদ করেছ আর বরবাদ করেছ তোমার সঙ্গীদেরও।

হযরত আব্দুল্লাহ ইবনুয যুবাইর রদিয়াল্লহু আনহু বললেন-

কিন্তু আমি তো আজকেই নিহত হয়ে যাবো।

- সেটা তোমার জন্য অনেক ভালো স্বেচ্ছায় নিজেকে হাজ্জাজের হাতে তুলে দিয়ে নিজের কর্তিত মস্তক বনু উমাইয়ার বালকদের খেলতে দেওয়ার চেয়ে......

- আমি নিহত হওয়ার ভয় পাচ্ছি না। আমি ভয় পাচ্ছি, আমার মৃতদেহকে বীভৎসরূপে বিকৃত করা হবে।

- নিহত হওয়ার পর ভয় পাওয়ার আর কি আছে? যবাইকৃত ছাগল ছাল ছিলার কষ্ট পায় না।

মমতাময়ী মায়ের মুখে বেদনাময় বাস্তব কথাগুলো শুনে, নিজের কর্তব্য স্থির করতে পেরে তাঁর চেহারা ঝলমল করে উঠল। তিনি আবেগাপ্লুত হয়ে বললেন-

মাগো, রহমত ও বরকতপ্রাপ্তা হও তুমি, তোমার সুমহান মর্যাদার আরও বৃদ্ধি ঘটুক। শুধু তোমার মুখের এই কথাগুলো শুনতেই ছুটে এসেছিলাম তোমার কাছে। আমার আল্লাহ জানেন, আমি শক্তিহীন, দুর্বল ও ক্লান্ত হইনি।

এই দেখো মা, আমি এখন যাচ্ছি তোমার পছন্দনীয় পথে, আমি শহীদ হলে আমার জন্য দুঃখ করো না মা!

- বেটা, তোমার জন্য দুঃখ করতাম যদি তুমি বাতিলের জন্য জীবন দিতে।

আলহামদুলিল্লাহ! প্রশংসা আল্লাহর জন্য যিনি তোমাকে পরিচালিত করেছেন সেই পথে যা তাঁর পছন্দনীয় এবং যা আমারও পছন্দনীয়.....

তুমি একটু আমার কাছে এসো বেটা, আমি একটুখানি তোমার ঘ্রাণ নেব, তোমার শরীরটা একটু ছুঁয়ে দেখব। কারণ, এটাই যে তোমার সাথে আমার সর্বশেষ সাক্ষাৎ!

হযরত আব্দুল্লাহ ইবনুয যুবাইর রদিয়াল্লহু আনহু নিচু হয়ে মায়ের হাতে ও পায়ে চুমু দিয়ে ভরে দিলেন আর মা পুত্রের মাথায় ও ঘাড়ে নাক ঘষে ঘষে ঘ্রাণ নিলেন আর চুমু দিয়ে মমতা মাখিয়ে দিলেন......

দুই হাত সচল রাখলেন তাঁকে স্পর্শ করতে। হঠাৎ হাত গুটিয়ে নিয়ে বললেন-

আব্দুল্লাহ এটা কী পরেছ?

- লৌহ বর্ম।

- যে ব্যক্তি শহীদ হতে চায় এটা তার পোশাক হতে পারে না বেটা।

- মা, এটা তো বরং তোমাকে খুশি করার জন্য পরেছি।

- ওটা খুলে ফেলো, তোমার ওই ভারী বর্মমুক্ত শরীরটাই হবে সাহসী ভূমিকার বেশি সহায়ক। সামনে-পিছে নড়াচড়ার জন্য সহজ......

তবে ওটার পরিবর্তে তুমি দ্বিগুণ পাজামা পরে নাও, যেন মাটিতে পড়ে গেলে তোমার ছতর উন্মুক্ত না হয়।

হযরত আব্দুল্লাহ ইবনুয যুবাইর রদিয়াল্লহু আনহু লৌহবর্ম খুলে ফেললেন, কয়েকটি সালোয়ার পরলেন, এগিয়ে গেলেন হারামের দিকে, চিৎকার করে বলতে থাকলেন-

মা, আমার জন্য তোমার দুআ বন্ধ করো না।

মা দু' হাত উর্ধ্বে উঠিয়ে বললেন-

হে আল্লাহ, নামাযে তাঁর দীর্ঘ কিয়ামের প্রতি রহম করো, রহম করো গভীর রাতে জসৎবাসীর নিদ্রাবিভোর মুহূর্তে তাঁর বুক ফাটা ক্রন্দনের প্রতি.....

হে আল্লাহ, মক্কা-মদীনার গ্রীষ্মের প্রচণ্ড দাবদাহের দিনে নফল রোযা রেখে তার ক্ষুধা আর পিপাসার যন্ত্রণা সহ্য করার প্রতি রহম করো, করুণা করো....

হে আল্লাহ, পিতা-মাতার প্রতি তাঁর আনুগত্যের ওপর রহম করো...

হে আল্লাহ, আমি ওকে সম্পূর্ণ সমর্পণ করেছি তোমার জন্য, তুমি যা ফয়সালা করবে আমি তাতে সন্তুষ্ট, সুতরাং তাঁর ব্যাপারে আমাকে দান করো ধৈর্যশীলদের প্রতিদান......

ওই দিনের সূর্য অস্ত যাওয়ার পূর্বেই হযরত আব্দুল্লাহ ইবনুয যুবাইর রদিয়াল্লহু আনহু পৌঁছে গেলেন আপন প্রভুর সান্নিধ্যে......

তাঁর শাহাদাতের দশ-পনের দিন পরই তাঁর সঙ্গে গিয়ে মিলিত হলেন তাঁর মা হযরত আসমা বিনতে আবু বকর রদিয়াল্লাহু আনহা......

এ সময় তাঁর বয়স হয়েছিল একশ বছর অথচ তাঁর একটি দাঁতও পড়েনি, তাঁর জ্ঞান-বুদ্ধি একটুওহ্রাস পায়নি।

আল্লাহ তাআলা তাঁদের উভয়কে সর্বোত্তম জাযা দান করুন। আমীন।

ৠ হযরত উম্মে উমারা রদিয়াল্লহু আনহার কুরবানীঃ

হযরত উম্মে উমারা রদিয়াল্লহু আনহার পুত্র হযরত হাবীব ইবনে যায়েদ রদিয়াল্লহু আনহুকে দূত হিসেবে ভণ্ড নবী মুসাইলামাতুল কায্যাব-এর নিকট পাঠিয়েছিলেন স্বয়ং রাসূলুল্লাহ ﷺ..........

মুসাইলামা বিশ্বাসঘাতকতা করে হযরত হাবীব রদিয়াল্লহু আনহুকে এমন নিষ্ঠুর-নিদয়ভাবে হত্যা করে, যা শুনলে লোম শিউরে উঠে।

বিষয়টি ছিল এমন, মুসাইলামা প্রথমেই হযরত হাবীব রদিয়াল্লহু আনহুকে বন্দী করে জিজ্ঞাসা করে-

তুমি কি সাক্ষ্য দাও যে মুহাম্মাদ আল্লাহর রাসূল?

- হ্যাঁ।

- তুমি কি সাক্ষ্য দাও যে, আমি আল্লাহর রাসূল?

- আমি শুনতে পাচ্ছি না, কী বলছ?

মুসাইলামা তাঁর ডান হাত কেটে দিল........

এভাবে সে বার বার একই প্রশ্ন করতে থাকল আর হযরত হাবীব রদিয়াল্লহু আনহু একই উত্তর দিতে থাকলেন। প্রত্যেকবার উত্তরের পর পাষণ্ড তাঁর একেকটি অঙ্গ কেটে ফেলছিল। দুই হাত, দুই পা কেটে ফেলার পরও তাঁর অবিচলতা দেখে মিথ্যুক মুসাইলামা তাঁর জিহ্বা কেটে আবার জিজ্ঞাসা করলো- তুমি কি আমাকে রাসূল বলে বিশ্বাস কর? হযরত হাবীব ইবনে যায়েদ রদিয়াল্লহু আনহু মাথা নেড়ে অস্বীকার করলেন তার নবুওয়তকে।

'পাষাণ গলে যাবে' এমন কঠিন যন্ত্রণা সহ্য করেও অটল, অনড় ঈমান নিয়ে অবশেষে তিনি শাহাদাত বরণ করলেন। ইন্না.. লিল্লা..হি ওয়া ইন্না...ইলাইহি রা...জিঊ....ন।

হযরত হাবীব ইবনে যায়েদ রদিয়াল্লহু আনহুর ভয়াবহ এই শাহাদাতের সংবাদ পৌঁছানো হলো তাঁর মা হযরত নাসীবা আল মাযেনিয়া (উম্মে উমারা) রদিয়াল্লহু আনহার কাছে। তিনি সব শুনে বেশি কিছু বললেন না। ছন্দে ছন্দে বললেন সামান্য একটু কথা-

"এমন একটি ভূমিকার জন্যই আমি তাকে দুগ্ধ পান করিয়েছিলাম...
আমি আল্লাহর ফয়সালায় সন্তুষ্ট, আমি প্রতিদান চাই তাঁর কাছেই....
শৈশবে সে 'আকাবার রাতে' শপথ নিয়েছিল প্রিয় নবীজীর হাতে....
অনেক বড় হয়ে আজ সে সেই অঙ্গীকারের পূর্ণাঙ্গ বাস্তবায়ন ঘটাল।"

উম্মতের মা-বোনদের প্রতি উন্মুক্ত চিঠিঃ

বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহীম।

উম্মতের সম্মানিতা প্রত্যেক মা-বোনদের প্রতি মাহমুদ আল হিন্দী।

সালামুন আলাইকুন্না।

আল্লাহ পাক আপন সত্ত্বা ও গুণাবলিতে সকল কিছু থেকে পবিত্র এবং তিনি তাঁর বান্দাদের প্রতি বড় রহম। তিনি তাঁর হাবীব ﷺ-কে পুরো আলমের জন্য রহমত বানিয়ে পাঠিয়েছিলেন, যাকে সঠিক ও সত্য দ্বীন সহকারে পৃথিবীতে প্রেরণ করা হয়েছে যেন অপরাপর সকল দ্বীনের উপর তা জয়যুক্ত হয়ে যায়। যিনি ছিলেন তাঁর উম্মতের প্রতি বড় রহম। আল্লাহ পাক তাঁর হাবীবকে এমন পুরস্কার দান করার ওয়াদা করেছেন যা তাঁর হাবীবকে খুশি করে দিবে। হে আল্লাহ, আপনার হাবীবের প্রতি আমাদের সকলের পক্ষ থেকে দরূদ ও সালাম পৌঁছে দিন। সালাম বর্ষিত করুন আহলে বাইত সকল “আম্মাজানদের” প্রতি এবং কিয়ামত পর্যন্ত আনেওয়ালা সকল আহলে বাইতের প্রতি। আম্মা বা’দ।

আল্লাহ পাক এরশাদ ফরমান, আল্লাহ পাক যদি কারো জন্য ক্ষতির ফয়সালা করেন, তাহলে সেই ক্ষতি থেকে তাকে কেউ রক্ষা করতে পারবে না। আবার তিনি যদি কারো জন্য ভালাইয়ের ফয়সালা করেন তাহলে সেই ভালাই তার থেকে কেউ কেড়ে নিতে পারবে না।

প্রিয় মা-বোনেরা!

আমরা মুসলমান, আল্লাহ পাকের কথার উপর এবং তাঁর হাবীবের প্রদত্ত খবরের উপর আমাদের বিশ্বাস ও ভরসা থাকা চাই। যদি আপনারা দ্বীনের উপর থাকেন, আল্লাহ পাককে সাথে পাবেন। আর যদি দ্বীনের উপর না থাকেন, তাহলে যতই সতর্কতা অবলম্বন করা হোক না কেন, আল্লাহ পাককে সাথে পাবেন না। তখন আপনাদের দুনিয়া ও আখিরাত সবই বৃথা। আপনাদেরকে নবীজী ﷺ-এর সেই বিখ্যাত হাদীসটি স্মরণ করিয়ে দিতে চাই, "ইসলাম শুরুতে অপরিচিত ছিল, আবার শীঘ্রই তা অপরিচিত হয়ে যাবে। তখন সেই অপরিচিত (ইসলামের উপর চলনেওয়ালা)-দের জন্য সুসংবাদ।" (মুসলিম)

দয়া করে আপনারা এমন মনে করবেন না যে, পাঁচ ওয়াক্ত নামায, বাচ্চা দেখা-শুনা করা, রান্নাবান্না করা, পর্দায় থাকা ছাড়া আপনাদের আর কোনো কাজ নেই; ইসলাম এমন নয়।

আল্লাহ পাক প্রত্যেককে তার অবস্থানে রেখে পরীক্ষা করেন এবং কাউকে এমন কোনো পরীক্ষায় ফেলেন না যা সামাল দেয়া তার পক্ষে সম্ভব নয়। পারিবারিক জীবনে যে কোনো হালত আসে, আপনারা যদি নিজেরা সেই হালতগুলো সমাধানের চেষ্টা করার সময় নিজেদের আকল ও বিবেককেই শুধু কাজে লাগান, তাহলে অধিকাংশ ক্ষেত্রেই আপনাদের ভুল হবে। কারণ আমাদের আকল ও বিবেক এই সমাজ দ্বারা প্রভাবিত এবং এই সমাজের কেউ আপনাদের প্রকৃত ইসলামের দিকে ডাকবে না।

আমি আপনাদের সেই ইসলামের দাওয়াত দিচ্ছি, যা আল্লাহর রাসূল ﷺ পৃথিবীতে নিয়ে এসেছিলেন, যা বর্তমানে গরীব (অপরিচিত)। আল্লাহ পাক আমাকে যতটুকু বুঝ দিয়েছেন, যদি সেটার দাওয়াত আমি আপনাদেরকে না দেই, তাহলে তা হবে আল্লাহ ও তাঁর রাসূলের সাথে খেয়ানত এবং এই ব্যাপারে আমি জিজ্ঞাসিত হবো। তাই আমি আপনাদেরকে দাওয়াত দিচ্ছি এবং আমি এর কোনো বিনিময় আপনাদের নিকট আশা করি না। বিনিময় তো আল্লাহ পাক দিবেন, ইন্‌শাআল্লাহ।

একজন নিজেকে মুসলমান দাবী করবে কিন্তু তার যিন্দেগী অন্য দশজন দুনিয়াদার লোকের মতো হবে, আখিরাত নিয়ে সার্বক্ষণিক চিন্তা ও পরিকল্পনা থাকবে না এবং মৃত্যুকে ভয় করবে, তাহলে সে নিজেকে ধোকা দিচ্ছে। আজকের দিনটার কথাই চিন্তা করুন। আজ আপনাদের দিনটা যেভাবে কেটেছে, এতে কি দুনিয়ার প্রতি অনীহা বৃদ্ধি পেয়েছে? আজ আখিরাতে আগে বাড়ার জন্য কী পরিকল্পনা গ্রহণ করেছেন? আজ আমরা মৃত্যু বরণ করতে প্রস্তুত আছি কিনা? অথচ আজকেই আমাদের কেউ না কেউ অবশ্যই মৃত্যুবরণ করবে। প্রত্যেকেই নিজেকে যাচাই করি, আমরা প্রকৃত মুসলমান হয়ে আল্লাহর সামনে দাঁড়াতে পারবো কিনা। আজ স্বামীকে রান্না করে খাওয়ানো ও অন্যান্য খেদমতের উপর বড়ো দায়িত্ব হিসেবে ‘স্বামীকে আখিরাতের ঘাটিগুলোর ব্যাপারে উৎসাহিত করা’ হয়েছে কিনা? আজ আমার স্বামী যদি মারা যান, তাহলে “আমার জন্য আল্লাহই যথেষ্ট”, এই একীন আমার মাঝে পয়দা হয়েছে কিনা?

আপনাদেরকে এবং আমাদের সকলকে প্রকৃত ইসলামের উপর উঠে আসতে হবে এবং মুসলমান হয়ে কবরে যেতে হবে। এই জন্যই আমরা দুনিয়াতে এসেছি।

প্রিয় মা-বোনেরা আমার!

আমার এই কথাগুলো ভালোভাবে বুঝার চেষ্টা করুন। আপনাদেরকে প্রকৃত ইসলামের উপর উঠে আসতে হবে। এখন যেভাবে আছেন, তা কবরের আযাব ও মওতের পরের ঘাটিগুলো পার করার জন্য যথেষ্ট নয়। আল্লাহর রাসূলের ﷺ রেখে যাওয়া ইসলামের উপর উঠতে গেলে কি আপনার স্বামী চাকুরি/ব্যবসা/কৃষি ইত্যাদি পেশা চালিয়ে যেতে পারবে? তিনি কি আপনার ঘর আর দশজন দুনিয়াদারের মতো করে সাজাতে পারবে? খাট-পালঙ্ক-আসবাবপত্র আর ফ্রীজ, এ.সি ইত্যাদি দুনিয়ার সামগ্রীগুলো আপনাকে ক্রয় করে দিতে পারবে? দামী দামী স্বর্ণ-রূপার অলংকার কিনে দিতে পারবে? কিছুদিন পরপর, কিংবা প্রতি ঈদে বা অন্য কোনো অনুষ্ঠানের আগে আপনাদের নতুন নতুন জামাকাপড়ের ব্যবস্থা করে দিতে পারবে? তিনি কি আপনাকে তিন বেলা পেট ভরে খাওয়াতে পারবে? আমাদের সামনে কি আম্মাজান আইশা রদিয়াল্লাহু আনহার সেই কথাটি নেই, "আমরা পরপর তিন চাঁদ দেখতাম, কিন্তু আমাদের চুলায় আগুন জ্বলতো না। এসময় আমরা প্রতিদিন একটি করে খেজুর খেয়ে কাটাতাম"? আপনার স্বামী কি আপনার ও আপনার সন্তানদের ভবিষ্যতের কথা চিন্তা করে টাকা জমাতে পারবে? জায়গা-জমি ক্রয় করে বাড়ি-গাড়ি করতে পারবে? আপনাদেরকে নিয়ে বিল্ডিং বাড়িতে বাস করতে পারবে? তিনি কি

দুনিয়ার যিন্দেগীতে আপনাদের সকল চাহিদা পূরণ করতে পারবে? কক্ষনোই পারবে না। যদি সে এগুলো করে, তাহলে সে সেই ইসলাম থেকে দূরে সরে গেল, যা আসমান থেকে আল্লাহর রাসূলের ﷺ কাছে অবতীর্ণ হয়েছিল।

বর্তমান যামানায় সকল মুসলমান নর-নারীর উপর জিহাদ 'ফরযে আঈন' হয়ে গিয়েছে। হযরত ইমাম মাহদী আলাইহিস্ সালাম, দাজ্জাল এবং হযরত ঈসা ইবনে মারইয়াম আলাইহিস্ সালামের আগমন ইন্‌শাআল্লাহ খুবই নিকটবর্তী। ভালোভাবে চিন্তা করি, আমার স্বামীর উপর এখন আল্লাহর হুকুম কী, আমাদের উপরই বা এখন তাঁর কী হুকুম? আমাদের স্বামী-সন্তান-ভাইদের উপর 'জিহাদের জন্য হিজরত করা' এখন ফরযে আঈন। এখন আমাদেরকে ছেড়ে চলে যাওয়াই তাদের উপর আল্লাহর হুকুম। ততক্ষণ পর্যন্ত ময়দানে লড়ে যাওয়া তাদের উপর ফরয, যতক্ষণ পর্যন্ত হয়তো দ্বীন পুরোপুরি কায়েম হবে, নয়তো তারা শহীদ হবে।

আর আমাদের জন্যও এখন আল্লাহর ফরয হুকুম 'জিহাদ' আর তা হচ্ছে- আমাদের স্বামী-সন্তান-ভাইদের জিহাদের জন্য পাঠাতে উদ্বুদ্ধ করা, তাদেরকে জিহাদ ও শাহাদাতের ফাযাইল শুনানো, যদি জিহাদে যেতে গড়িমসি করে তাহলে তাদেরকে কঠোরভাবে তিরস্কার করা; "আপনি যদি জিহাদে না যান, তাহলে আপনি ফাসেক হবেন, কোনো ফাসেক 'কাপুরুষ' আমার স্বামী/সন্তান/ভাই হতে পারে না"- এভাবে তাদেরকে বুঝানো; তাও যদি জিহাদে যেতে না চায় তাহলে তাদের হাতে চুঁড়ি আর গলায় মালায় পরিয়ে দেয়া, ঘরের বাহিরে বের হতে চাইলে হাতে বোরকা ধরিয়ে দেয়া, এভাবে তাদের মাঝে পৌরুষত্ব জাগানোর চেষ্টা করা।

আমাদের উপর এখন সবচেয়ে বড় জিহাদ হলো, স্বামী-সন্তান ও ভাইয়ের বিচ্ছেদে সবর করা। এতে ঘরে বসেও আমরা পরিপূর্ণ জিহাদের সওয়াব পাবো, ইনশাআল্লাহ। আমরা হযরত হান্‌যালা রদিয়াল্লহু আনহুর স্ত্রীর কথা স্মরণ করি। কিভাবে তিনি সবর করেছিলেন, যখন তাঁর স্বামী তাকে বিয়ের রাতে ফরয গোসলের হালতে ছেড়ে চলে গিয়েছিলেন ময়দানে আর সেদিনই শহীদ হয়ে যান! আমরা হযরত উকবা ইবনে বশির রদিয়াল্লহু আনহুর সন্তানের কথা স্মরণ করি। কিভাবে আল্লাহ পাকের হুকুমকে পালন করতে গিয়ে তার একমাত্র সন্তানকে একাকী রেখে চলে গিয়েছিলেন, আর আল্লাহ পাক তাঁর হাবীবকে সেই ছেলেটির পিতা বানিয়ে দিলেন! আমরা হযরত হাযেরা আলাইহিস্ সালাম ও তাঁর সন্তান হযরত ইসমাঈল আলাইহিস্ সালামের কথা স্মরণ করি। কিভাবে তাঁরা আল্লাহর হুকুমের সামনে নিজেদেরকে জবাই করেছিলেন, আল্লাহর জন্য সবর করেছিলেন! আল্লাহ তাআলা তাঁদেরকে ধ্বংস করেননি, বরং তাদেরকে ইজ্জতের সাথে দুনিয়াতে রেখেছেন এবং জান্নাতকে তাদের দ্বারা সম্মানিত করেছেন। আমাদেরকেও আল্লাহ তাআলা ধ্বংস করবেন না, দুনিয়া ও আখিরাতে তিনিই আমাদের জন্য যথেষ্ট হবেন। তিনিই পরকালে আমাদেরকে নাজাত দিবেন ও জান্নাতুল ফিরদাউসে দাখিল করবেন, যার তলদেশে নির্ঝরিনীসমূহ প্রবাহিত!

আমাদের স্বামী-সন্তান ও ভাইয়েরা যদি শহীদ হয়, তাহলে আমরাও শহীদের মর্তবা পাবো। কিভাবে? কেন নয়, আমাদের মৃত্যুর পর কি আল্লাহ তাআলা আমাদেরকে সেই জান্নাতে পাঠিয়ে দিবেন না, যে জান্নাত তারা শাহাদাত লাভ করে পেয়েছে? তাতে, তাদের সাথে একত্রিত করে দিবেন না?

একটু চিন্তা করুন, আল্লাহ পাক তাঁর বান্দাদের উপর কত রহম! আমরা ঘরে বসে থেকে একটু সবর করে কত নিয়ামত লাভ করলাম! সুতরাং আমাদের এই বিচ্ছেদ চিরস্থায়ী বিচ্ছেদ নয়, অনন্তকালের বিচ্ছেদ নয়; এই বিচ্ছেদ সাময়িক, ক্ষণকালের। এরপর আল্লাহ তাআলা আমাদেরকে যা দিবেন, তাতে আমাদের চোখ জুড়িয়ে যাবে, দীল ভরে যাবে। এরপর আমরা আর পৃথক হবো না।

আমাদের স্বামী-সন্তান-ভায়েরা আমাদের রেখে চলে গেলে আমরা কিভাবে চলবো, আমাদের রুজী-রোজগারের কী হবে, এই চিন্তা যেন আমাদের মাথায় না আসে? যদি এই চিন্তা আসে, তাহলে আমাদের যিন্দেগীতে আল্লাহ কোথায় আছেন, তাঁর স্থান কোথায়? আমার স্বামী-সন্তান-ভাই কি আমার রব (প্রতিপালক)? বিয়ের আগে আমার পিতা আমাকে পালেননি, পেলেছেন আমার আল্লাহ! বিয়ের পরে আমার স্বামী-সন্তান আমাকে পালছেন না, পালছেন আমার আল্লাহ! তারা যদি জিহাদে চলে যায়, শহীদ হয়ে যায়, কিংবা ঘরে পড়ে আজকেই মারা যায়, তবুও যিনি আমাকে পালবেন তিনি তো আর কেউ নয়, আমার আল্লাহ! তারা যদি আমাদেরকে রেখে যায়, কিংবা সাথে নিয়ে হিজরত করে, সেখানেও আমাদের পালবেন আমাদের আল্লাহ! তিনিই তো রিযিকদাতা! আমাদের পালনকর্তা হিসেবে তিনিই কি যথেষ্ট নন?

আরেকটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়! অনেক বোনেরা আছেন, যারা তাদের স্বামী তাদেরকে রেখে হিজরত করার সাথে সাথেই তড়িঘড়ি করে অন্যত্র বিবাহ বন্ধনে আবদ্ধ হয়ে যান। হ্যাঁ, যদি একান্ত অপারগ হন, যেমন রুজীর জন্য অন্যের কাছে হাত পাততে হচ্ছে (ভিক্ষা করতে হচ্ছে), নিজেকে গুনাহ থেকে বাঁচাতে পারছেন না, সে ক্ষেত্রে

তো কথা নেই। কিন্তু যাদের এই ধরণের হালত নেই, আমরা কি পারি না একটু সবর করতে? একটু কষ্ট করে দুনিয়ার যিন্দেগীতে নিজের চাহিদাগুলোকে আখিরাতের জন্য রেখে দিতে? নিজের আরাম-সুখ-আহ্লাদগুলোকে কবর, হাশর ও জান্নাতের জন্য রেখে দিতে? একটু চিন্তা করি, আমার স্বামী কি শখের বশবর্তী হয়ে জিহাদে গিয়েছে? সে তো আল্লাহর জন্যই তার যিন্দেগীর সকল স্বাদ-আহ্লাদ, আনন্দ-সুখ আর প্রেম-ভালোবাসাকে কুরবানী করেছে, এবং আল্লাহর কাছে উচ্চ মর্যাদা লাভ করেছে। এদিকে, আমিও কি পারবো না, ঘরে থেকে তার বিচ্ছেদে আল্লাহর সন্তুষ্টি ও নৈকট্য লাভের আশায় সবর করতে, আমার যত চাওয়া-পাওয়া আছে আমার যত প্রেম-ভালোবাসা আছে তাকে কুরবানী করতে?

আরেকটু চিন্তা করি, আমার স্বামী, যে আমাকে রেখে আল্লাহর হুকুমকে বাস্তবায়ন করতে ময়দানে চলে গেছে, সে কি খুব আরামে আছে? সে কি না খেয়ে, না ঘুমিয়ে কষ্ট করছে না? বুলেটের আঘাতে, বোমার আঘাতে ক্ষত-বিক্ষত হচ্ছে না? ব্যথায়-কষ্টে ছটফট করছে না? সে কি এখন চিন্তা করছে না, 'এখন যদি আমার প্রেমময়ী, সোহাগিনী স্ত্রী আমার কাছে থাকতো, তাহলে সে আমার সেবা করতো, একটু আদর করতো, একটু মাথায় হাত বুলিয়ে দিত, যেমনটি সে বাড়িতে থাকতে আমি অসুস্থ হয়ে গেলে করতো?' আহ্! আপনার স্বামী কি আপনার বিচ্ছেদে কান্না করছে না? আপনার জন্য কি তার বুক ফেটে যাচ্ছে না? আপনাকে কাছে পেতে, আপনার একটু ভালোবাসা ও প্রেম পেতে তার মন কেমন বেচাইন হয়ে আছে, একটু চিন্তা করুন তো! এই অবস্থায় যদি কোনোভাবে তার কাছে খবর পৌঁছে, তার প্রিয়তমা স্ত্রী আরেক স্বামী গ্রহণ করেছেন, যার কথা

ভেবে ভেবে তার হৃৎপিণ্ড স্পন্দিত হতো, সেই আপনি আরেকজনকে নিয়ে আনন্দ-উল্লাস করছেন, একটু চিন্তা করুন তো, তখন এই খবরটি তাকে তার শাহাদাতের আগে কতবার হত্যা করবে? হ্যাঁ, আপনি যদি পরকালে তার সাথে থাকতে না চান, শহীদের স্ত্রীর মর্তবা না চান, তাহলে আপনি যা ইচ্ছা করেন, সমস্যা নেই। আপনার স্বামীকে আল্লাহ তাআলা তার আপনজনের নিকট খুব শীঘ্রই পৌঁছে দিবেন, সেখানে তার কষ্টের কোনো কারণই থাকবে না। সেখানে দুনিয়ার কারো জন্যে তার কষ্ট লাগবে না।

হাদীসে এসেছে, যদি কোনো নারী বিধবা হওয়ার পর তার সন্তানদের লালন-পালন ও ভরণ-পোষনের কথা চিন্তা করে অন্য কোনো স্বামী গ্রহণ না করে, তাহলে তার অবস্থান হবে আল্লাহর রাসূলের সাথে। আরেক হাদীসে এসেছে, সবরের বিনিময় জান্নাত ছাড়া আর কিছু নয়।

প্রিয় বোনেরা আমার!

আপনারা যদি এই হিম্মতটুকু করতে পারেন, তাহলে এটি আপনাদের জন্য উত্তম যদি আপনারা বুঝতে পারেন। হ্যাঁ, যদি আপনার কোনো সন্তান না থাকে, আর আপনি খবর পান যে, আপনার স্বামী মারা গিয়েছেন কিংবা শহীদ হয়েছেন, তাহলে অন্য স্বামী গ্রহণ করতে কোনো আপত্তি নেই। এক্ষেত্রে মৃত্যুর পর আপনাকে এখতিয়ার দেয়া হবে, আপনি জান্নাতে কোন্ স্বামীর সাথে থাকবেন! আপনি ইচ্ছা করলে আপনার শহীদ স্বামীর সাথে থাকতে পারবেন, অথবা আপনার দ্বিতীয় স্বামীর সাথে থাকতে পারবেন।

যাইহোক, আমরা চিন্তা-ফিকির করি, আমাদের স্বামী, সম্ভব হলে পিতা ও ভাইদের সাথে মাশোয়ারা করি। নবুওয়তের যামানার ইসলামের বেশি বেশি মুজাকারা করি। আমাদেরকে সঠিক ইসলামের উপর উঠে আসতে হবে। হিজরত ও জিহাদের জন্য আমাদের পিতা-পুত্র, স্বামী-ভাইদেরকে উৎসাহিত করি।

সেই মায়েরা আজ কোথায়, যারা আল্লাহর রাস্তায় সন্তান কুরবানী করার জন্য আল্লাহর কাছে সন্তান কামনা করতো?

সেই মায়েরা আজ কোথায়, যারা তাদের সন্তানদেরকে শহীদ হিসেবে দেখার জন্য ছোট্ট সময় দুগ্ধপান করাতো?

সেই মায়েরা আজ কোথায়, যাদের মাতৃদুগ্ধে এই পরিমাণ ধার ছিলো যে, তাদের সন্তানরা কিসরা কায়সারের সাম্রাজ্যগুলোকে তছনছ করে দিয়েছিলো?

সেই মায়েরা আজ কোথায়, যারা নিজের হাতে অস্ত্র ক্রয় করে সন্তানের হাতে তুলে দিতো, এই আশায় যে, তার সন্তান আল্লাহর রাস্তায় শাহাদাত লাভ করবে?

সেই মায়েরা আজ কোথায়, যারা তাদের পুত্র বধূ হিসেবে জান্নাতের হূরদের দেখতে বেশি ভালোবাসতো?

সেই মায়েরা আজ কোথায়, যারা তাদের সন্তানদের সাথে হূরের বিবাহের জন্য দুনিয়াতে মোহরানা আদায় করে দিতো?

সেই মায়েরা আজ কোথায়, যারা তাদের সন্তানদের শাহাদাতের উপর গর্ববোধ করতো?

আজ কোথায় সেই মায়েরা, যাদের সন্তান শহীদ হলে তার বাড়িতে বিয়ে বাড়ির আমেজ চলে আসতো? আনন্দ মিছিল বের হতো? আজ কোথায় তারা?

কোথায় আজ ছফিয়্যাহ বিনতে আব্দুল মুত্তালিব?

কোথায় আজ উম্মে উমারা?

কোথায় আজ আসমা বিনতে আবু বকর?

(রদিয়াল্লহু আন্‌হুন্না আযমাঈন)

সেই মায়েরা আজ কোথায়?

সেই স্ত্রীরা আজ কোথায়, যারা বাসর ঘর থেকে তাদের স্বামীদেরকে জিহাদের ময়দানে শাহাদাতের জন্য পাঠিয়ে দিতো?

কোথায় আজ তারেক বিন যিয়াদ আর মুহাম্মাদ বিন কাসীমের বোনেরা?

পরম মমতাময়ী, সোহাগিনী, প্রেমময়ী কিন্তু পাহাড়ের মতো অটল-অবিচল ঈমানওয়ালী; আল্লাহ ও তাঁর রাসূলকে মহব্বতকারিনী, প্রিয়তমের বিচ্ছেদে সবরকারিনী আমার সেই বোনেরা আজ কোথায়?

কেন তারা আবারো বুকে পাথর বেঁধে ধৈর্য্য ধারণ করছে না?

কেন তারা আজ আরো লাখো মুসলিম মা-বোনের উপর অত্যাচার-নির্যাতন আর ধর্ষণের প্রতিশোধ নেয়ার জন্য তাদের স্বামী-সন্তান-ভাইদেরকে ময়দানে পাঠাচ্ছে না?

আল্লাহ তাআলা আমার হাবীব ﷺ-এর উম্মতের মা-বোনদের প্রতি রহম করুন। তাদের ইয্‌যত-আব্রুর সর্বোচ্চ হেফাযত করুন। আমীন।

বর্তমান যামানায় সবচেয়ে বড় দাওয়াত- উম্মতকে অপরিচিত ইসলামের সাথে পরিচয় করিয়ে দেওয়া।

-মাহমুদ আল হিন্দী।

যারা ইমাম মাহদী আলাইহিস্ সালাম-এর সাথী হতে চায়, তারা যেন অবশ্যই ‘গরীব ইসলাম’কে নিজেদের যিন্দেগী বানায়। সে ব্যক্তি সবচেয়ে বড় আহাম্মক, যার যিন্দেগী সমাজের আর দশজন দ্বীনদারদের মতো (যাদের যিন্দেগীর অধিকাংশ কার্যকলাপ ইহুদী-নাসারাদের সাথে মিলে যায়), আর সে আশা রাখে হযরত ইমাম মাহদী আলাইহিস্ সালামের সাথী হবে!

-মাহমুদ আল হিন্দী ﷺ

দুনিয়ার মহব্বত
মৃত্যুর ভয়
ওয়াহন

নবীওয়ালা এবং সাহাবাওয়ালা যিন্দেগী
(গরীব ইসলাম)

[কিতাবটি তিন খণ্ডে রচিত]

-ঃ (দ্বিতীয় খণ্ড সমাপ্ত) ঃ-